

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

মে ২০২২ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৬তম সভার) সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা
সভার তারিখ : ২৪/০৫/২০২২ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে মে ২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৬ তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অতঃপর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচী-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচী-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	গত সভার গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহিত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়।	ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

আলোচ্য সূচী-৩ : কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.১	গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়।	১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ



আলোচ্যসূচী-৪ : মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪.১	মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা। ২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা।

আলোচ্য সূচী-৫ : উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫.১	<p>উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল-২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।</p> <p>এপ্রিল ২০২২ আয় অংশ :</p> <p>ক) অবশিষ্ট স্থিতি = ১,৬৯,১২,৪৩৬/- মোট আয় = ১,৬৯,১২,৪৩৬/-</p> <p>এপ্রিল ২০২২ ব্যয় অংশ :</p> <p>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/- (খ) উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩৪,১০০/- (গ) আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/- (ঘ) আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/- (ঙ) উপজেলা পরিষদের জীপগাড়ি জ্বালানী বাবদ উত্তোলন = ১,৩৮,২৪০/- চ) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা(এপ্রিল) = ৯৪,০০০/- ছ) উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন (এপ্রিল) = ৩৩,০০০/- জ) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ভাতা = ৯২,৬২৫/- ঝ) আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/- ঞ) আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/- মোট ব্যয় = ৫,৫৫,৯৬৫/- অবশিষ্ট স্থিতি ১,৬৩,৫৬,৪৭১ = (এক কোটি তেঁষটি লক্ষ ছাপ্পান্ন হাজার চারশত একাত্তর) টাকা</p>	<p>১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনাতে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।</p>

আলোচ্যসূচি-৬ : সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	উপজেলা নিবাহী অফিসার ও মূখ্য নিবাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় এপ্রিল ২০২২ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন।	১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

আলোচ্যসূচি-৭ : বিভাগীয় আলোচনা:-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৭.১	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স :- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, উপজেলা স্বাস্থ্য আগামী ৪-৭ জুন জাতীয় ভিটামিন এ প্রাস ক্যাম্পইন চলবে। ২-৮ জুন ৩য় ডোজ বুস্টার টিকা ইউনিয়ন পরিষদে পরিচালনা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া হজ্বের মেডিক্যাল চেকআপ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে করা যাবে বলে তিনি জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় বিস্তারিত আলোচনান্তে হজ্বযাত্রীদের মেডিক্যাল চেকআপ এবং ৩য় বুস্টারডোজের বিষয়ে এলাকায় প্রচার প্রচারণা চালানোর জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার লাকসাম। ২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ
৭.২	উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন অফিসার লাকসাম বলেন, দাপ্তরিক কার্যক্রমে জুন/২০২২ মাসে অপ্রতিষ্ঠানিক ২টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের সকল প্রক্রিয়া শেষ পর্যায়। এ অর্থবছরের ঋণ বিতরণ টার্গেট পূরণের লক্ষে প্রশিক্ষিত প্রকল্পধারী যুবদের মধ্যে ৫/৬ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হবে। খেলাপি ঋণ আদায়ে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এছাড়া যুব উন্নয়ন অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন অফিসের চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়।	১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, লাকসাম, কুমিল্লা।
৭.৩	উপজেলা খাদ্য অফিস: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম জানান, ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা ১২৪৮ মে.টন। লটারীতে ৩১৩ কৃষক নির্বাচিত হয়েছে। প্রতিজন কৃষক সর্বোচ্চ ৩ মে.টন ধান বিক্রয় করতে পারবে। এছাড়া কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহের জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে তিনি জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে খাদ্য অফিসের স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে অনুরোধ করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম,
৭.৪	উপজেলা কৃষি অফিস : উপজেলা কৃষি অফিসার লাকসাম বলেন, ৮৭০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। এবছর বাম্পার ফলন হয়েছে। ৩৮,৯৭৫ মে.টন ধান উৎপাদন হয়েছে। ৬৪,৭৪,৮৪ জাতের ধান জিংক সমৃদ্ধ ধান। এ চাল খেলে ডায়রিয়া হওয়ার আশংকা কমে যায়। এছাড়া কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ করতে খাদ্য অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা কৃষি অফিসার লাকসামকে বলা হয়।	উপজেলা কৃষি অফিসার, লাকসাম

<p>৭.৫</p>	<p>উপজেলা প্রকৌশলী অফিস:</p> <p>ক) চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত ক্ষিম বাস্তবায়নের সিদ্ধান্ত মোতাবেক কাজ চলমান আছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে কাজ বাস্তবায়নকালে বাস্তবায়নজনিত সমস্যায় করতে না পারার কারণে নির্দেশক্রমে কিছু ক্ষিমের কাজ বাদ দেওয়া হয়েছে। আবার কিছু কাজে চূড়ান্ত বিলে পরিশোধিত ব্যয় কম হওয়ার উন্নয়ন তহবিলের অর্থ অবশিষ্ট আছে। উক্ত অর্থে প্রকল্প বাছাইকৃত কমিটি কর্তৃক সুপারিশকৃত অবশিষ্ট ক্ষিমসমূহ বাস্তবায়নের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হলো।</p> <p>চলতি অর্থ বছরে উন্নয়ন সহায়তা বাবদ আরো ৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে মর্মে জানা গেছে। এক্ষণে সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তি বিবেচনায় অবশিষ্ট সময়ে কাজ বাস্তবায়নের লক্ষ্যে ক্ষিমসমূহ বাস্তবায়নের অনুমোদন প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।</p> <p>খ) আগামী ২০২২-২৩ অর্থ বছরে এলজিইডি'র আওতাধীন সড়ক মেরামতের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। স্ব ইউনিয়ন এলাকার আওতায় সড়ক মেরামত প্রয়োজন হলে তার তথ্য আগামী ০৭ দিনের মধ্যে প্রদানের জন্য অনুরোধ করা হলো।</p> <p>গ) উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে সন্মুখে বৃষ্টির কারণে পানি জমে থাকে। ফলে কর্মকর্তা/কর্মচারীগণসহ জনপ্রতিনিধি ও সেবাপ্রার্থীগণ অফিসে দাপ্তরিক কাজে যাতায়াতে অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন। অফিসের সম্মুখ হতে পশ্চিম দিকের পুকুর পর্যন্ত অস্থায়ী ড্রেন নির্মাণ করা হলে জলাবদ্ধতার সমস্যা দূর হবে। এ লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।</p> <p>ঙ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ এর দরপত্র বিজ্ঞপ্তি ই-টেন্ডার নোটিশ নং ১০/২০২১-২২ তারিখ ২০/০৩/২০২২ তারিখে পত্রিকায় প্রকাশের জন্য দুটি পত্রিকার বিল প্রেরণ করা হয়েছে।</p>	<p>ক) প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) ক্ষিমসমূহ সংশ্লিষ্ট ক্ষিমের বিপরীতে উল্লিখিত পদ্ধতি ও ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হলো। বর্ণিত ক্ষিমসমূহের প্রাক্কলন ও প্রকল্প কমিটির গঠন অনুমোদন করা হলো। এছাড়া দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও প্রযোজ্য ক্ষেত্রে পিআইসি কমিটি অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। ক্ষিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। তবে সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ৫০ লক্ষ টাকার ক্ষিম প্রক্রিয়া করতে হবে।</p> <p>খ) ইউনিয়ন চেয়ারম্যানগণ এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ক অনুযায়ী মেরামত কাজ বাস্তবায়নের অনুমোদনসহ প্রণীত প্রাক্কলন (পরিশিষ্ট-গ) অনুমোদন প্রদান করা হলো। RFQ পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে। এক্ষেত্রে দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। ক্ষিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন।</p> <p>ঙ) সভায় বিস্তারিত আলোচনাতে ১০/২০২১-২২ পত্রিকায় প্রকাশের জন্য দুটি পত্রিকার বিল পরিশিষ্ট (গ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধিমোতাবেক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১। চেয়ারম্যান উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী</p> <p>১। উপজেলা প্রকৌশলী ২। চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ</p> <p>১। চেয়ারম্যান উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী</p> <p>১। চেয়ারম্যান উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী</p>
------------	---	---	--

১২

<p>৭.৬</p>	<p>ইউডিএফ : ইউডিএফ লাকসাম বলেন, ইউজিডিপি প্রকল্পটি আগামী ২০২২ এর জুন মাসে শেষ হওয়ার কথা। প্রকল্পের বরাদ্দ উদ্ধৃত থাকায় প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট থেকে ইতোমধ্যে প্রকল্পটি আগামী ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত বর্ধিত করার প্রস্তাব পেশ করা হয়েছে। ষষ্ঠ রাউন্ডের পারপরমেন্স মূল্যায়নের লক্ষ্যে উপজেলা কমিটি এবং ইউডিসিসি সভার রেজুলেশন নোটিশ ও হাজিরা শীট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া উপজেলা পরিষদ ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনাস্তে উপজেলা কমিটির রেজুলেশন, হাজিরা এবং ইউডিসিসি সভার রেজুলেশন প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।</p>	<p>১। সদস্য সচিব (সকল) উপজেলা কমিটি ২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ লাকসাম</p>
<p>৭.৭</p>	<p>উপজেলা বিআরডিবি অফিস : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম জানান, চলতি মাসে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচীর ৪০ জন উপকারভোগীকে ০৩ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রণোদনা ঋণের ২য় পর্যায়ে লাকসাম ১১ জনের বিপরীতে ১৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত ঋণ বিতরণের সকল প্রক্রিয়া সম্পন্ন করে চলতি মাসেই বিতরণ করা হবে। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে</p>	<p>সভায় বিস্তারিত আলোচনাস্তে উপজেলা বিআরডিবি অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য পল্লী উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়।</p>	<p>১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম</p>
<p>৭.৮</p>	<p>উপজেলা প্রাণী সম্পদ অফিস: উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসাম বলেন, আসন্ন কুরবানীর হাটে ভেটোনারী মেডিক্যাল টিম তাদের দায়িত্ব পালন করবেন সে লক্ষ্যে বড় বড় পশুর হাটের তালিকা করে দায়িত্ব বিভাজন করে দেওয়া হবে। লাকসাম উপজেলায় ১৬৯৪ জন খামারি প্রায় ১২,০০০ পশু প্রস্তুত করেছেন। পশু খাদ্য দোকান সমূহকে লাইসেন্সের আওতায় আনার জন্য মৎস্য ও পশু খাদ্য 'আইন ২০১০' এর প্রয়োগের জন্য উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া লাকসাম প্রাণীজ বাজার নামে একটি ওয়েব ও মোবাইল এ্যাপ প্রস্তুত করতে অর্থ সংস্থানের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনাস্তে প্রাণী সম্পদ অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রাণী সম্পদ অফিসার লাকসামকে বলা হয়।</p>	<p>১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম, কুমিল্লা।</p>
<p>৭.১০</p>	<p>মহিলা বিষয়ক অফিস: মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম বলেন, ২০২১-২২ চক্রের ভিজিডি মে/২০২২ খ্রি. মাসের খাদ্য অর্পনাদেশ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের দরিদ্র মায়ের জন্য মাতৃত্ব ভাতা কর্মসূচীর মার্চ/২০২২ পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল (পৌরসভার জন্য) মার্চ/২২ মাস পর্যন্ত উপকারভোগীদের ভাতা প্রদান করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণের ১৪ ও ১৫ ব্যাচ চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনাস্তে মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য মহিলা বিষয়ক অফিসার লাকসামকে বলা হয়।</p>	<p>১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম</p>



<p>৭.১১</p>	<p>উপজেলা নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন অফিসার, লাকসাম বলেন, গত ২০ মে/২০২২ তারিখ হতে লাকসাম উপজেলায় ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হয়েছে। তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণ বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করছেন। স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতায় নিবন্ধন কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। গত ৩ দিনে ৪০৮৯ জন নিবন্ধন ফরম পূরণ করেছেন। আগামী ১০/০৬/২০২২ তারিখ হতে ২৩/৭/২০২২ তারিখ পর্যন্ত কেন্দ্রে কেন্দ্রে ছবি তোলার কাজ চলবে। এ বিশাল কর্মযজ্ঞে সংশ্লিষ্টদের আন্তরিক সহযোগিতা কামনা করেন।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে নতুন ভোটার তালিকা তৈরিতে ভালো ভাবে যাচাই বাছাই করে তালিকা প্রণয়নের জন্য উপজেলা নির্বাচন অফিসার লাকসামকে বলা হয়।</p>	<p>১। উপজেলা নির্বাচন অফিসার, লাকসাম</p>
<p>৭.১১</p>	<p>পল্লী বিদ্যুৎ সমিতি-৪: এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-৪ লাকসাম বলেন, লাকসাম উপজেলায় বিভিন্ন সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে মোট ৩,৮২,০৭,৭১৩ টাকা বকেয়া রয়েছে বলে জানান। এপ্রিল/২০২২ মাসে মোট ১৮২ জন গ্রাহককে নতুন সংযোগ প্রদান করা হয়েছে। লাকসাম উপজেলায় ২১ মেগাওয়াটের পুরোটাই পাওয়া যাচ্ছে বলে জানান। এছাড়া বিভিন্ন দপ্তরে পল্লী বিদ্যুতের পাওনা নিম্নরূপ: ১। বাকই ইউপি-২৯১৪৪/- ২। গোবিন্দপুর ইউপি-৯৯৯৩/- ৩। উত্তরদা ইউপি-৭১১২/- ৪। দোখাইয়া পরিবার পরিকল্পনা কেন্দ্র-২২,৮৮৬/- ৫। উত্তরদা পরিবার পরিকল্পনা কেন্দ্র-৩৪২৪/- ৬। আজগরা ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স-৫৩৬০/- ৭। আজগরা ইউনিয়ন ভূমি অফিস-৩৪৮৬/- ৮। উত্তরদা ইউনিয়ন ভূমি অফিস-১৭৬৫৯/- ৯। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়-২৭০৭৭/-</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে পল্লী পল্লী বিদ্যুতের পাওনা দ্রুত পরিশোধে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>১। জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-৪ ২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান লাকসাম।</p>
<p>৭.১২</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম বলেন, কাবিখা সাধারণ ও বিশেষ ১ম পর্যায়ের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। কাবিখা সাধারণ ও বিশেষ ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৮০%। টিআর সাধারণ ও বিশেষ ১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে এবং ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৮০%। টিআর ৩য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৩০%। ইজিজিপি কর্মসূচীর আওতায় ২য় পর্যায়ের কাজ গত ৯/৫/২০২২ ইং তারিখ হতে শুরু হয়েছে। কাজের অগ্রগতি ৩০%। আগামী ১০/০৬/২০২২ তারিখ পর্যন্ত ২য় পর্যায়ের কাজ করতে হবে বলে ডিজি অফিস থেকে জানানো হয়েছে। ডিআরও আরো জানিয়েছেন যে, ২য় পর্যায়ে এইচবিবি কাজ শুরু হয়েছে। ১০/৬/২২ তারিখের মধ্যে কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারগণকে অনুরোধ জানান।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে নির্ধারিত সময়ের মধ্যে চলমান কাজ শেষ করা জন্য সকল ইউপি চেয়ারম্যান ও ঠিকাদারকে অনুরোধ জানানো হয়।</p>	<p>১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম। ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।</p>

৭.১৩	প্রাথমিক শিক্ষা অফিসার: প্রাথমিক শিক্ষা অফিসার লাকসাম বলেন, অত্র উপজেলায় যত্রতত্র অনুমোদনহীন ব্যবসায়িক স্বার্থে বিভিন্ন ইবতেদায়ী, কওমী, ফোরকানীয় মাদ্রাসা চালু করে শিক্ষা কার্যক্রম চালানো হচ্ছে। এতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থী হ্রাস পাচ্ছে। এমতবস্থায় যেসকল প্রতিষ্ঠানের মাদ্রাসা বোর্ডের কোন অনুমোদন নাই তারা যাতে পৌরসভা/ইউনিয়ন পরিষদ হতে ব্যবসায়িক ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক করা হলে অনুমতিবিহীন প্রতিষ্ঠানের সংখ্যা কমে আসবে বলে জানান। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে বলে জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমতিবিহীন প্রতিষ্ঠান বন্ধ করতে ব্যবসায়িক ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মেয়র, লাকসাম পৌরসভা ২। মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৩। প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
৭.১৪	ফরেস্টার, লাকসাম: ফরেস্টার লাকসাম বলেন, আজগরা ইউনিয়ন পরিষদ ভবন ও দেয়াল ঘেষা গাছ হেলে যাওয়ায় বাউন্ডারি ওয়াল হেলে গিয়েছে। এতে পরিষদ ভবন ও বাউন্ডারি ওয়াল যেকোন সময় ক্ষতিগ্রস্ত হতে পারে বলে আজগরা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তার রেজুলেশনে উল্লেখ করেছেন। তিনি জানিয়েছেন, গাছগুলি কর্তন করা আবশ্যিক হয়ে পড়েছে। এজন্য তিনি গাছগুলো কর্তনের জন্য অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে সভা	সভায় বিস্তারিত আলোচনান্তে আজগরা ইউনিয়ন পরিষদের ভবন ও বাউন্ডারি ওয়াল ঘেষা গাছগুলো কর্তনের অনুমোদনের জন্য জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয় বরাবর প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফরেস্টার লাকসামকে অনুরোধ করা হয়।	১। ফরেস্টার, লাকসাম

আলোচ্য সূচী-৮ : ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৮.১	মুদাফরগঞ্জ দ: ইউপি সংক্রান্ত : চেয়ারম্যান মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন পল্টী বিদ্যুৎ বিল প্রদানের সময় যাতে সামঞ্জস্য করে দেয় সে জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ বিল ইউনিট সঠিকভাবে যাচাইক্রমে গ্রাহকদের নিকট বিল দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জিম, পল্টী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম।

আলোচ্য সূচী- : ৯ : বিবিধ আলোচনা :-

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৯.১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম: ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ লাকসাম বলেন, কোন রকম অজুহাত ছাড়াই এ বছর ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে অনুরোধ করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের সমন্বিতভাবে কাজ করার জন্য অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসামের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখতে সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের সমন্বিত কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জনপ্রতিনিধি (সকল) লাকসাম ২। কর্মকর্তা, সকল লাকসাম
৯.২	উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্য: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, ধান সঠিক সময়ে সংগ্রহ করতে খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা কমিটির সকল রেজুলেশন ও প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় প্রেরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।	সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলা কমিটির সকল তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। কর্মকর্তা, সকল লাকসাম

	আসন্ন ঈদুল আযহা/২২ উপলক্ষে বিধি মোতাবেক পশুর অস্থায়ী হাটের তালিকা প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন।	ইউনিয়ন হতে প্রাপ্ত পশুর হাটের তালিকা অনুমোদনের জন্য জেলাপ্রশাসক কুমিল্লা বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ
৯.৩	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম : চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ বলেন, কৃষক বাঁচলে দেশ বাচবে। তাই কৃষকদের সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। তাই কৃষকদের সকল সুযোগ সুবিধা প্রদানের জন্য কৃষি অফিস ও খাদ্য অফিসকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া কৃষকের নিকট ধান সংগ্রহের জন্য উপজেলার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। অর্থবছর প্রায় শেষের দিকে। জুনের মধ্যে প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন	বিস্তারিত আলোচনাতে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে বলা হয়। সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলার সকল চলমান প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের বলা হয়এ	১। উপজেলা কৃষি অফিসার ২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, লাকসাম ২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম ৩। উপজেলা প্রকৌশলী

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)

সভাপতি

ও

চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

২৪ মে ২০২২

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২২- ৩২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।

০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো :

০৮। উপজেলা অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।

০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।

১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)

১১। অফিস কপি।

(মাইফুজা মতিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা

লাকসাম, কুমিল্লা।